

করোনাভাইরাস (কভিড-19) - শিশু, কিশোর-তরুণ এবং পরিবারগুলোর জন্যে ট্রাকিয়্যাল (Tracheal) এবং থোরাকিক্ (Thoracic) টীমের তরফ হতে তথ্যাবলী

আমরা বুঝি যে, আপনি হয়তো করোনাভাইরাস – যা কভিড-19 (COVID-19) নামেও পরিচিত – সম্পর্কে দুশ্চিন্তিত, বিশেষ করে যদি আপনার সন্তানের স্বাস্থ্যগত আন্ডারলাইং (অন্তর্নিহিত) কোন দশা (জটিলতা) থাকে, যেমন ট্রাকিয়্যাল স্ট্যানোসিস্ অথবা অন্যান্য থোরাকিক্ অপর কোন সমস্যা/জটিলতা। আমাদের সেবা ব্যবহারকারী শিশু, কিশোর-তরুণদের জন্যে আমাদের উপদেশ কি এসব তথ্য গ্রেইট ওরমন্ড স্ট্রীট হাসপাতাল (GOSH) এর ট্রাকিয়্যাল এবং থোরাকিক্ টীমের তরফ হতে প্রকাশিত এই তথ্যপত্রটিতে তুলে ধরা হয়েছে। www.gosh.nhs.uk/news/coronavirus-covid-19-information-children-young-people-and-families-তে করোনাভাইরাস (coronavirus) কভিড-19 (COVID-19) সম্পর্কে প্রকাশিত আমাদের সাধারণ তথ্যাবলী এর পাশাপাশি এই তথ্যগুলো পড়ুন।

কভিড-19 (COVID-19) বাচ্চাদেরকে আক্রমণ করে কী?

উত্তরঃ এই পর্যন্ত প্রাপ্ত প্রমাণ দেখায় যে, যদিও বাচ্চারা কভিড-19 (COVID-19) দ্বারা আক্রান্ত হয়, তথাপি খুব অল্পসংখ্যক বাচ্চাদের মাঝে কভিড-19 দ্বারা গুরুতর সংক্রমণ ঘটে।

যেসব বাচ্চাদের ট্রাকিয়্যাল এবং থোরাকিক্ জটিলতা রয়েছে এবং অপারেশন হয়েছে তারা ভাইরাস স্বারা আক্রান্ত হবার ঝুঁকিগ্রস্ত; সুতরাং ভঙ্গুর তথা সহজে ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনাসম্পন্ন ব্যক্তিদের জন্যে আমাদের সাধারণ তথ্যপত্রে যেসব সতর্কতামূলক ব্যবস্থার উপদেশ দেয়া হয়েছে সেগুলো অনুসরণ করা উচিত।

সামাজিক দূরিত্ব বজায় সম্পর্কে যে নির্দেশিকা প্রদান করা হয়েছে আপনার পরিবারের উচিত তা অনুসরণ করা, যদিনা ক্লিনিক্যাল টীম ভিন্ন কোন পরামর্শ দিয়ে থাকে।

ঔষধ সম্পর্কে ট্রাকিয়্যাল এবং থোরাকিক্ টীমের কাছ থেকে সুনির্দিষ্ট উপদেশ


আপনার ঔষধগুলো খাওয়া খুবই গুরুত্বপূর্ণ বিষয় এবং যদি সেগুলো না খান তাহলে আপনার স্বাস্থ্যের দশা আরো খারাপ হয়ে যেতে পারে।

আপনার ঔষধের ব্যাপারে কোন সিদ্ধান্ত নেওয়ার আগে অনুগ্রহ করে আপনার বিশেষজ্ঞ টীমের সাথে সলাপরামর্শ করুন।

আমাদের কি বিকল্প কোনো চিকিৎসা এপয়েন্টমেন্ট করতে হবে?

চিকিৎসকরা চেষ্টা করছেন যতটা সম্ভব রোগীদের সাথে সরাসরি সাক্ষাতের প্রয়োজনীয়তা কমিয়ে আনতে। এর জন্যে টেলিফোনে এপয়েন্টমেন্ট বা ভিডিও যোগে পরামর্শ বিকল্প হিসেবে যোগ হতে পারে।

যদি আপনার সন্তানের কোনো আসন্ন এপয়েন্টমেন্ট থেকে থাকে, আমরা আপনার সাথে যোগাযোগ করে আলোচনার মাধ্যমে জানাব কীভাবে দূর থেকে এটি সর্বোত্তমভাবে পরিচালনা করা যায়।



আরো তথ্য এবং সহায়তা

তথ্যসমূহ নেওয়া হয়েছে NHS (এনএইচএসের) www.nhs.uk/conditions/coronavirus-covid-19/ থেকে।

শিশুদের জন্য তথ্য রয়েছে BBC Newsround (বিবিসি নিউজরাউন্ডের) ওয়েবসাইটে www.bbc.co.uk/newsround।

